## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

নোবিপ্রবি/রেজি:/সং-শা/শিনি/৬৩/২০২৪/১৬৮০৫ ০২ জানুয়ারি ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী, অস্থায়ী ও শূন্য পদ সমূহ পূরণের জন্যে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে ঃ-

**মাইক্রোবায়োলজি বিভাগ ঃ**

**সহযোগী অধ্যাপক- ০১টি (স্থায়ী পদ) (গ্রেড-৪র্থ, বেতন স্কেল -৫০,০০০-৭১,২০০)**

**সহযোগী অধ্যাপক পদের যোগ্যতা ঃ** মাইক্রোবায়োলজি বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৪ বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ-৪.০ এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণী/সমমানের জিপিএ-৩.৫০ থাকতে হবে।

ক. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে ০৭ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসেবে। স্বীকৃত জার্নালে ০৪টি প্রকাশনা থাকতে হবে।

খ. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে ০৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ০৩ বছর সহকারী অধ্যাপক হিসেবে। স্বীকৃত জার্নালে ০৫টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহকারী অধ্যাপক হিসেবে।

গ. থিসিস গ্রুপে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। থিসিস গ্রুপের প্রার্থীদের ক্ষেত্রে ০৯ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ০৩ বছর সহকারী অধ্যাপক হিসেবে। স্বীকৃত জার্নালে ০৫টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ০৩টি সহকারী অধ্যাপক হিসেবে।

**ওশানোগ্রাফি বিভাগ ঃ**

সহকারী অধ্যাপক- ০১টি (স্থায়ী পদ) (গ্রেড-৬ষ্ঠ,বেতন স্কেল -৩৫,৫০০-৬৭,০১০)/সহকারী অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)- (গ্রেড-৯ম, বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০)

<u>সহকারী অধ্যাপক পদের যোগ্যতা ঃ</u>

১. ওশানোগ্রাফি/সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে।

২. এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ-৪.০ এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে: যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।

প্রভাষক- ০১টি (স্থায়ী পদ) (গ্রেড-৯ম, বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০)

<u>প্রভাষক পদের যোগ্যতা ঃ</u>

১. ওশানোগ্রাফি/সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে।

২. এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ-৪.০ এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

**বি:দ্র- সহকারী অধ্যাপক পদে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী) পদে নিয়োগ দেওয়া হবে।**

**সমাজবিজ্ঞান বিভাগ ঃ**

প্রভাষক- ০২টি (স্থায়ী পদ) (গ্রেড-৯ম, বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০)

<u>প্রভাষক পদের যোগ্যতা ঃ</u>

১. সমাজবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে।

২. এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ-৪.০ এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

**(বি:দ্রঃ নোবিপ্রবি/রেজি/সং-শা/শিনি/৬২/২০২৩/১৫৩৮৭(ক), তারিখঃ ২৭ মার্চ ২০২৩ স্মারকের আলোকে পূর্বে যারা প্রভাষক পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই)**

নির্দেশিকা ঃ

- আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।
- বিজ্ঞাপিত পদে ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে (অফিস সময়ের মধ্যে) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রভাষক পদে ১০ সেট আবেদন (বায়োডাটা, সার্টিফিকেট, মার্কশিট, প্রত্যেক সেটের সাথে পাসপোর্ট সাইজ ০২ (দুই) কপি ছবি এবং যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা, প্রার্থিত পদ ও বিভাগের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- সহকারী অধ্যাপক এবং প্রভাষক পদে আবেদনকারীদেরকে ৮০০.০০ (আটশত) টাকা করে **নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আয় হিসাব নম্বর- ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রনী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা** এর বিপরীতে অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
- আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষামান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হইবে না।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।
- অসম্পূর্ণ ও ত্রুটি পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন গ্রহণ বা বাতিল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বর্ণিত পদ পূরণের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি, প্রযোজ্য ক্ষেত্রে রিজেন্ট বোর্ড কর্তৃক গৃহিত সিদ্ধান্ত ও দিক নির্দেশনা এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

02-01-2024

**মোহাম্মদ জসীম উদ্দিন**
রেজিস্ট্রার
নোয়াখালীবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়